# MICRO-TEACHING PRACTICAL THROUGH SIMULATION MODE

# CONTENT



| SL NO. | SUBJECT | PAGE NO. |
|---|---|---|
| 1 | ভূমিকা | 1 |
| ২ | অনুশীলনের বৈশিষ্ট্য | 2 |
| 3 | অনুশীলনের সুবিধা | 3 |
| 4 | অনুশীলনের অসুবিধা | 4 |
| 5 | পাঠ অনুশীলনের দক্ষতা | 5 |
| 6 | পাঠ উপস্থাপনের দক্ষতা | 6 |
| 7 | প্রশ্নকরণের দক্ষতা | 7 |
| 8 | শিক্ষণ উপকরণের ব্যবহার | 8 |
| 9 | উৎসাহদানের দক্ষতা | 9 |
| 10 | ব্যাখ্যাদানের দক্ষতা | 10 |
| 11 | উপলব্ধি | 11 |

# ভূমিকা

শিক্ষনের গুনমান কীভাবে বৃদ্ধি করা যায় তা সমস্ত দেশেরই গবেষনার বিষয়। তাই বহুদিন ধরে এই বিষয়ে নানারকম উদ্ভাবনী ক্রিয়াকলাপ হয়েছে। এর মধ্যে মানবসম্পদ বিষয়ক প্রশিক্ষন, আচরন সংস্কারমূলক দৃষ্টিভঙ্গি, ভূমিকায়ন, সংযোগসাধন, বিশ্লেষন ও অনুশিক্ষন গুরুত্বপূর্ন। অনুশিক্ষন বা Micro-Teaching হল এমন একটি প্রশিক্ষনমূলক কার্যক্রম যেখানে সাধারন শ্রেনীকক্ষের জটিলতাসমূহকে অনেকটা সরলীকৃত করা হয়। এখানে জটিল শিক্ষন দক্ষতাসমূহকে ছোট ছোট সরলীকৃত দক্ষতায় বিশ্লেষন করা হয়। সেগুলি এক একটি করে অনুশীলন করা হয় এবং তাৎক্ষনিক ফলশ্রুতি প্রদান করা হয়।

অনুশিক্ষন পদ্ধতি সর্বপ্রথম ব্যবহৃত হয় 1963 খ্রিস্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ে। এখান থেকেই অনুশিক্ষন বা Micro-Teaching এর ধারনাটি শিক্ষা জগতে অন্যান্য ক্ষেত্রগুলিতে ব্যবহৃত হতে থাকে। ভারতে 1967 খ্রিস্টাব্দে DD Tewari সর্বপ্রথম Government Centre Pedagogical Institute এলাহাবাদে Micro-Teaching এর উপর একটি প্রকল্প গ্রহন করেন।

# অনুশিক্ষনের বৈশিষ্ট্য

এইসব বিষয় আলোচনা থেকে অনুশিক্ষনের কতকগুলি বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় —

a) অনুশিক্ষনের শ্রেনীর আকার ক্ষুদ্র। ছাত্রসংখ্যা 5-10 জন।

b) অনুশিক্ষনের সময়ও অত্যন্ত সংক্ষিপ্ত। 5 - 20 মিনিট।

c) অনুশিক্ষন বাস্তব পরিস্থিতিতে অনুশীলন করা হয় অর্থাৎ এখানে শিক্ষক, শিক্ষার্থী এবং শিক্ষণীয় বিষয়বস্তু থাকে।

d) অনুশিক্ষনের মাধ্যমে শিক্ষনের আচরনাবলির বা দক্ষতার উন্নয়ন ঘটানো সহজতর।

e) অনুশিক্ষনে তাৎক্ষনিক প্রতিক্রিয়া বা Feedback জানানো হয়। ফলে শিক্ষক সহজেই ও দ্রুত নিজের ত্রুটি সংশোধন করতে পারেন।

# অনুশিক্ষণের সুবিধা

1. অনুশিক্ষণ কৌশল পরিকল্পনার রূপায়ণ, শিক্ষার্থী-শিক্ষকদের কার্যতালিকা প্রস্তুত ও শিক্ষণ দক্ষতার বিকাশসাধন প্রভৃতি সহায়তাকারী।

২. অনুশিক্ষণ দ্বারা সহজেই শিক্ষণের জটিল অংশগুলিকে সরলীকৃত করে প্রশিক্ষণ দেওয়া যায়।

3. নির্দিষ্ট সময়ে একটিমাত্র বিষয়ে দক্ষতার প্রশিক্ষণ দেওয়া হয় বলে দক্ষতার উপর পাণ্ডিত্য অর্জনও খুব সহজে করা যায়।

4. অনুশিক্ষণে ফিডব্যাক (Feedback) তাৎক্ষণিক ও সুনির্দিষ্ট-প্রণালীবদ্ধ।

5. বারংবার অনুশীলন ও ফিডব্যাক প্রক্রিয়ার ফলে শিক্ষণকে সহজেই ত্রুটিমুক্ত করা সম্ভবপর হয়ে থাকে।

# অনুশিক্ষণের অসুবিধা

1. অনুশিক্ষণে দক্ষতার উপর বিশেষ গুরুত্ব দান করা হয়। তাই অনেক সময় শিক্ষণীয় বিষয়বস্তু অবহেলিত হতে পারে।

2. অনুশিক্ষণ অত্যন্ত সময়সাপেক্ষ।

3. অনুশিক্ষণ প্রক্রিয়াটি ব্যয়বহুল।

4. শিক্ষক-শিক্ষণের সংক্ষিপ্ত সময়কালিকার মধ্যে অনুশিক্ষণ প্রক্রিয়াটি আলোচনা করা প্রায় অসম্ভব।

5. অনুশিক্ষণে একবার দক্ষতা অর্জন করার পর তার সংহতি অর্জন অত্যন্ত কঠিন কাজ।

6. প্রক্রিয়াটি দীর্ঘ সময় ধরে চলে, কারণ প্রতি প্রয়োগের পূর্বে পর্যাপ্ত অনুশীলন প্রয়োজন হয়। তাতে শিক্ষার্থীদের একঘেয়েমি আসতে পারে।

# অনুশিক্ষনের দক্ষতা

অনুশিক্ষনের বিভিন্ন দক্ষতাগুলি হল :-

a) Introduction the lesson

b) Questioning

c) Use of teaching aids

d) Reinforcement

e) Illustration

এই সমস্ত দক্ষতাগুলি নিম্নে প্রয়োগ করা হল -

# পাঠ উপস্থাপনের দক্ষতা

## (Introducing the lesson)

| বিষয় | মূলপ্রসঙ্গ | উপাদান | প্রক্রিয়াগত বিস্তারসাধন |
|---|---|---|---|
| বায়ুদূষণ | বায়ুদূষণের 1) সংজ্ঞা | 1) মনোযোগ আকর্ষণ (Securing Attention) | i) তোমরা সবাই কেমন আছো?<br>ii) বায়ুদূষণের কারণ সংক্রান্ত যে চার্টটি রয়েছে সেটি দেখে তোমরা কী কিছু বুঝতে পারছো? |
| | 2) বায়ুদূষণের কারণ | 2) প্রেষণার স্তর অনুধাবন (Assesing motivational level) | i) তোমরা বাড়ি থেকে বিদ্যালয়ে কীসে করে এসেছ — বাসে/ হেঁটে হেঁটে?<br>ii) বাস থেকে যে ধোঁয়া নির্গত হয় তা কী তোমরা দেখেছ? |
| | 3) বায়ুদূষণ প্রতিরোধের উপায় | 3) পূর্বজ্ঞান ও অভিজ্ঞতার সাথে সম্পর্ক স্থাপন | i) তোমরা কী জানো বাস থেকে যে ধোঁয়া নির্গত হয় তা কোথায় গিয়ে মেশে?<br>ii) এই মিশে যাওয়ার ঘটনাকে কী বলে? |
| | | 4) শিখনের জন্য মূল বক্তব্য চিহ্নিতকরণ | i) তোমরা বলতে পারবে বায়ুদূষণ কাকে বলে?<br>ii) বায়ুদূষণ ছাড়াও আর কী কী দূষণ হতে পারে? |
| | | 5) উপযুক্ত প্রদীপনের ব্যবহার (Using appropiate devices) | i) বিভিন্ন মডেল বা চার্টের ব্যবহার।<br>ii) ব্ল্যাকবোর্ড, চক, ডাস্টার এর ব্যবহার। |

# প্রশ্নকরনের দক্ষতা
## (Skill of Questioning)

| বিষয় | মূলপ্রসঙ্গ | উপাদান | শ্রেণিকক্ষগত বিস্তারসাধন |
|---|---|---|---|
| বায়ুদূষন | ১) বায়ুদূষনের সংজ্ঞা | ১) ভাষার যথার্থতা ও স্বচ্ছতা (Precesion and clarity of language) | ভাষার শব্দগুলো উচ্চারন করে শিক্ষার্থীরা বুঝতে পারছে কী না দেখতে হবে। |
| | ২) বায়ুদূষনের কারন | ২) শিখনের নির্দিষ্ট উদ্দেশ্যের সাথে সম্বন্ধসাধন | i) বায়ুদূষন কাকে বলে?<br>ii) বায়ুদূষনের কারন কী? |
| | | ৩) পুনরালোকপাত ও পুনর্নির্দেশ | i) বায়ুদূষন প্রতিকারের উপায় কী?<br>ii) যানবাহনের সংখ্যা কমিয়ে আনলে কী বায়ুদূষন কমা যেতে পারে? |
| | ৩) বায়ুদূষণ প্রতিরোধের উপায় | ৪) শিক্ষার্থীদের উত্তরের সূত্রে পরবর্তী প্রশ্ন (Using students respones for further questioning) | i) বায়ুদূষন এর ফলাফল কী?<br>ii) বৃষ্টির জলের সাথে কোন কোন অ্যাসিড বিক্রিয়া করে? |
| | | ৫) প্ররোচিত করা (Prompting) | শিক্ষার্থীর উত্তরের সাপেক্ষে শিক্ষার্থীকে প্ররোচিত করা। |

# শিক্ষণ উপকরণের ব্যবহার

## (Use of Teaching Aids)

| বিষয় | মূলপ্রসঙ্গ | উপাদান | প্রক্রিয়াগত বিস্তারআর্থন |
|---|---|---|---|
| বায়ুদূষণ | i) বায়ুদূষণের সংজ্ঞা | i) উদ্দেশ্যের স্পষ্টতা | শিক্ষক বায়ুদূষণের একটি ছবি এঁকে শিক্ষার্থীদের দেখাবে। |
| | | ii) লেখার ও আঁকার যোগ্যতা | একবারে শিক্ষক ছাত্রদের বোঝার স্বার্থে বোর্ডে কিছু তথ্য লিখে দেবেন। যেমন - বায়ুদূষণের কারন |
| | ii) বায়ুদূষণের কারন | iii) শক্তি, শ্রম ও সময় | শিক্ষক বোর্ডে কিছু অর্থ লিখে দেবেন। |
| | iii) বায়ুদূষণ প্রতিরোধের উপায়। | iv) উপযুক্ত উপকরণের ব্যবহার | একটি ছবি ব্যবহার করা যেতে পারে। এটি অবশ্য শিক্ষক মহাশয় এঁকে দিতে পারলে ভালো হয়। |
| | | v) শিক্ষার্থীদের প্রতিক্রিয়া | শিক্ষার্থীরা শিক্ষককে কিছু প্রশ্ন করে সঠিক উত্তর জানতে চায়। |

# উৎসাহদানের দক্ষতা
## (Reinforcement)

| বিষয় | মূলপ্রসঙ্গ | উপাদান | প্রক্রিয়াগত বিস্তারসাধন |
|---|---|---|---|
| | 1) বায়ুদূষণের সংজ্ঞা | 1) উৎসাহদান বা প্রনোদনের ব্যবহার | i) শিক্ষার্থীদের পারদর্শিতাকে স্বীকার করে।<br>ii) মনোযোগী, উত্তম, বাহবা। |
| | 2) বায়ুদূষণের কারণ | 2) ইতিবাচক বা নেতিবাচক উৎসাহদান | i) শিক্ষক: বায়ুদূষণ কী কী ভাবে হতে পারে?<br>শিক্ষার্থী: কলকারখানার ধোঁয়া, গাড়ির ধোঁয়া।<br>শিক্ষক: বা: ঠিক বলেছো।(ইতিবাচক)<br>ii) শিক্ষক: আমাদের দেশের পাঁচটি বড়ো শহরের নাম কী?<br>শিক্ষার্থী: মালদা, কোচবিহার।<br>শিক্ষার্থী: না: ঠিক করে বলো (নেতি |
| বায়ুদূষণ | | 3) দৈহিক ও অ-দৈহিক উৎসাহদান | i) দৈহিক : বা: সুন্দর বলেছো।<br>ii) অ-দৈহিক : সমর্থনসূচক মাথা নাড়ানো। |
| | 3) বায়ুদূষণ প্রতিরোধের উপায় | 4) তাৎক্ষনিক বা বিলম্বিত উৎসাহদান | শিক্ষক: বায়ুদূষণ কী কী ভাবে হতে পারে?<br>শিক্ষার্থী: কলকারখানার ধোঁয়া, গাড়ির ধোঁয়া<br>শিক্ষক: বা: ঠিক বলেছো।<br>শিক্ষক: এবার বলতো বায়ুদূষণ কী তোমার বাড়িতেও হয়?<br>শিক্ষার্থী: হ্যাঁ, রান্নার কাছে<br>শিক্ষক: ঠিক উত্তর হয়েছে। |
| | | 5) পারস্পরিক ক্রিয়াশীল উৎসাহদান | শিক্ষার্থী: স্যার, বায়ুদূষণ কী আমরা নিজেরা প্রতিরোধ করতে পারব না?<br>শিক্ষক: হ্যাঁ অবশ্যই পারবে। |

# ব্যাখ্যাকরণের দক্ষতা

## (Illustration)

| বিষয় | মূলপ্রসঙ্গ | উপাদান | প্রতিক্রিয়াগত শিক্ষার্থীর আচরণ |
|---|---|---|---|
| বায়ুদূষণ | i) বায়ুদূষণের সংজ্ঞা | i) উদাহরণের উল্লেখ | বায়ুদূষণের কোন উদাহরণ না থাকায় তথ্যের ওপর ভিত্তি করে যে প্রশ্নগুলি করা হয় সেগুলি হল- i) বায়ুদূষণ কী? ii) বায়ুদূষণ কী কী ভাবে হতে পারে? |
| | ii) বায়ুদূষণের কারণ | ii) ভাষায় সাবলীলতা ও স্বচ্ছতা | শিক্ষিকাকে ভাষার মধ্যে স্বচ্ছতা রাখবে। |
| | iii) বায়ুদূষণ প্রতিরোধের উপায় | iii) আলোচনার ধারাবাহিকতা ও প্রাসঙ্গিকতা | প্র: বায়ুদূষণের প্রতিরোধের উপায় কী? উ: • হাঁচি বা কাশির সময় মুখে রুমাল চাপা দেবে। • ঘরের ভিতর আবর্জনা ফেলার পাত্রটি সবসময় ঢাকা রাখতে হবে। |
| | | iv) উদাহরণ, চিত্র প্রভৃতির ব্যবহার | প্রয়োজনীয় উপকরণ হিসাবে বায়ুদূষণের কারণ চিত্রের ব্যবহার করতে হবে। |
| | | v) উদ্দীপকের বৈচিত্র্য | উদ্দীপকের বৈচিত্র্যের জন্য বায়ুদূষণের কারণকে চার্টের মাধ্যমে চিত্রায়িত করা হবে। |